




করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	: মোঃ সাইফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী
সভার তারিখ ও সময়	: ০৯/০৩/২০২০ খ্রিঃ, সকাল- ১০:০০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা পাঠ করে শোনানো হয় এবং উপস্থিত সকলের মতামত জানতে চাওয়া হয়। করোনা ভাইরাস প্রতিরোধে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	আলোচ্য বিষয়	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	করোনা ভাইরাস প্রতিরোধে কোয়ারেন্টাইনের স্থান নির্ধারণ	করোনা ভাইরাসে আক্রান্ত ভাসমান বা বহিরাগত লোকদের নিবিড় পর্যবেক্ষণের জন্য উপজেলা পর্যায়ে কোয়ারেন্টাইনের স্থান নির্ধারণের জন্য আলোচনা হয়। উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন যে, উপজেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রাবাস ব্যবহারের সম্পর্কে আলোচনা হয়।	ফুলগাজী উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধে কোয়ারেন্টাইনের স্থান নির্ধারণের জন্য যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রাবাস ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রোগ্রাম কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী
০২	রোগাক্রান্ত প্রাণীর সংস্পর্শ না থাকা	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী জানান যে, রোগাক্রান্ত প্রাণীদের সংস্পর্শে করোনা ভাইরাসটি দ্রুত মানুষের শরীরে প্রবেশ করতে পারে। সেজন্য করোনা প্রতিরোধে রোগাক্রান্ত পশু পাখির সংস্পর্শ না থাকার জন্য খামারীদের সচেতন করতে হবে।	রোগাক্রান্ত প্রাণী (গরু, ছাগল, হাঁস, মুরগি) সংস্পর্শ না থাকার বিষয়ে খামারীদের সচেতন হওয়ার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী
০৩	বহিরাগত নাগরিকের আগমন সংক্রান্ত	এলাকায় নতুন কোন আগন্তুক বিশেষ করে বিদেশ থেকে এসেছেন এমন কাউকে দেখলে সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং অফিসার ইন-চার্জ, ফুলগাজী থানা এবং জরুরী স্বাস্থ্য বিভাগের হেল্প লাইন- ০১৭৩০-৩২৪৮৪৭ নম্বরে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নতুন কোন আগন্তুক এলাকায় খবর পাওয়া মাত্র পুলিশ তদন্ত করে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়	অফিসার ইন-চার্জ, ফুলগাজী থানা/চেয়ারম্যান (সকল), ফুলগাজী, ফেনী
০৪	জনগণকে আতঙ্কিত না হওয়ার বিষয়ে সচেতন করে তোলা	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলগাজী জানান যে, করোনা ভাইরাসে সম্পর্কে জনগণ যাতে কোন গুজবে কান না দিয়ে সচেতন থাকে এবং চিকিৎসকের পরামর্শ নেয় ও নিয়মিত হাত, মুখ পরিষ্কার রাখা, হাঁচি কাশির সময় মুখে মাস্ক ব্যবহার এবং প্রচুর পরিমাণে পানি পান করে এসব বিষয়ে সচেতনতামূলক প্রচার প্রচারণা চালিয়ে যেতে হবে।	প্রত্যেক ইউপি চেয়ারম্যানগণ তার এলাকার জনগণকে সচেতনতামূলক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়	ইউপি চেয়ারম্যান (সকল) ফুলগাজী, ফেনী

অদ্য আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৯/০৩/২০২০

(মোঃ সাইফুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি  
ফুলগাজী, ফেনী

মোবাইল: ০১৭৩০-১৮৭৩১৫